

বাংলাদেশ হাইকমিশন, লন্ডন
প্রেস বিজ্ঞপ্তি

লন্ডনে আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদার সাথে পালিত

১৮ ডিসেম্বর ২০২৪: লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশনে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস ২০২৪ পালিত হয়েছে। এ উপলক্ষ্যে ভারপ্রাপ্ত হাইকমিশনার এর সভাপতিত্বে হাইকমিশনে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার শুরুতে দিবস দুটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় পররাষ্ট্র উপদেষ্টা, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান উপদেষ্টা এবং মাননীয় স্বরাষ্ট্র উপদেষ্টা কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করা হয়।

আলোচনা সভায় বক্তারা বিশ্বব্যাপী প্রবাসে বসবাসরত প্রায় ১ কোটি ৪০ লক্ষ বাংলাদেশীদের এবং তাদের পরিবার পরিজনের প্রতি বাংলাদেশ সরকারের পক্ষ থেকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অনুষ্ঠানের সভাপতি ভারপ্রাপ্ত হাই কমিশনার তাঁর বক্তব্যে দেশের আর্থসামাজিক উন্নয়নে প্রবাসীদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন এবং বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নে ভূমিকা রাখার জন্যে প্রবাসীদের প্রতি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও তিনি যুক্তরাজ্যে বসবাসরত প্রায় ৮ লক্ষাধিক ব্রিটিশ বাংলাদেশী দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়নে যে ভূমিকা পালন করছেন সেটি তুলে ধরেন। প্রবাসীদের কল্যাণে মিশনের কনসুলার ও কল্যাণ কার্যক্রম আরও বিস্তৃত এবং আধুনিকীকরণের প্রত্যয় ব্যক্ত করেন।